

Times Today BD

ডেস্ক রিপোর্ট | বিনোদন | 26 March, 2025

২০০৪ থেকে ২০০৮ সাল, টানা ৪ বছর একের পর এক হিট ছবি দর্শকদের উপহার দিয়েছেন জিৎ-স্বস্তিকা জুটি। দীর্ঘদিন কাজ করার সুবাদে জিতের সঙ্গে সসময় সম্পর্কে জড়িয়ে পড়েন অভিনেত্রী। তবে সেই সম্পর্কে পরে ইতি টানেন দু'জনেই। পথ আলাদা হয়ে যায় টলিউডের জনপ্রিয় এই দুই তারকার।

সম্পর্কে বিচ্ছেদের পর কাঁদা ছোড়াছুড়ি বা একে অপরকে নিয়ে জনসমক্ষে কথা বলা, কোনোটিই করেননি জিৎ-স্বস্তিকা। তবে দীর্ঘদিন পর গত বছর জিতের জন্মদিনে উইশ করতে গিয়ে সকলের সামনে অভিনেতার প্রতি ভালোবাসার কথা স্বীকার করেন অভিনেত্রী।

জানা যায়, স্বস্তিকার সংসার ভাঙার পর 'মাস্তান' ছবিতে কাজ করেছিলেন জিতের বিপরীতে। সেখানেই তাদের বন্ধুত্ব হয়। যা পরে প্রেমের পরিণতি পায়। পার্টি থেকে ছবির প্রচার, সব জায়গাতেই একসঙ্গে যেতেন। অভিনেত্রীর পরিবারের সঙ্গেও তার দারুণ সম্পর্ক ছিল।

যখন তারা আলাদা হয়ে যান, স্বস্তিকার পরিবারের লোকজন নাকি খুব একটা খুশি হননি। ইন দ্য রিং, ফিল্মফেয়ার বাংলাকে দেওয়া সাক্ষাৎকারে অভিনেত্রী জানান, জিতের সঙ্গে বিচ্ছেদের পর তার বোন অজপা প্রচুর কান্নাকাটি করেছিল। শুধু তাই নয়, সম্পর্ক ভাঙার জন্য বোনকেই কাঠগড়ায় তুলেছিল।

খানিকটা মজার ছলেই জিতের সঙ্গে মেয়ের সম্পর্ক নিয়েও কথা বলেন স্বস্তিকা। তিনি জানান, মেয়ের সঙ্গে জিতের বডিং ভাল ছিল। তারপর মেয়ে যত বড় হয়েছে, জিতের সঙ্গে সম্পর্ক ভাঙা নিয়ে মাকেই কথা শুনিয়েছে।

অভিনেত্রীর ভাষায়, 'এখনও যে সম্পর্ক নিয়ে ওর অসুবিধা নেই, সেটা হলো জিতের সঙ্গে সম্পর্ক। ৬ বছর আমরা একসঙ্গে ছিলাম। আমার মেয়ে তো ওই সম্পর্ক নিয়ে আমাকেই দোষারোপ করে। বলে, আমিই নাকি সম্পর্ক শেষ করেছি। বলে ফেলে মাঝেমধ্যে, কী কারণে সম্পর্ক ভেঙেছে জানি না কিন্তু যাই হোক, এর জন্য আমি তোমাকে ক্ষমা করব না।

স্বস্তিকা মুখোপাধ্যায়, বহু মানুষের ক্রাশ। তার সম্পর্ক মাঝেমধ্যেই ইন্ডাস্ট্রির হট টপিক হয়ে যায়। কিন্তু তিনি যে আদতে খুবই সাধারণ, স্বাধীনচেতা ও ভালো মেয়ে, তা ফিল্মফেয়ারকে সাক্ষাৎকার দিতে গিয়ে বলে ফেলেন। জানান, এখনও পর্যন্ত ৬ জনের সঙ্গে সম্পর্কে জড়িয়েছেন, ব্যাস। সেই প্রসঙ্গেই জিৎ উঠে আসেন আলোচনায়।

অভিনেত্রী বলেন, 'আমার মা-বোনও সবসময় ওর (জিতের) পক্ষই নিয়েছে। ওরা চেয়েছিল আমরা বিয়ে করি। আমার বোন তো কেঁদে ভাসিয়েছিল সম্পর্কটা ভেঙে যাওয়ার কথা শুনে। ও (মেয়ে অশ্বেষা) জিতের সঙ্গে খুবই ঘনিষ্ঠ ছিল। যখন বড় হলো, ওর দাবি ছিল- জিৎ খুবই সুপুরুষ। মা তুমি এটা কী করলে।

সম্পর্ক নিয়ে তার দাবি, 'আমার সিরিয়াস ৬টা সম্পর্ক ছিল। সেটাই মনে হয় ৬০০টা। কিন্তু আসলে সংখ্যা ৬টা।

কী কারণে জিতের সঙ্গে সম্পর্ক নষ্ট হয়েছিল, তা জানা যায়নি। পরেও কেউ এই বিষয় নিয়ে মুখ খোলেননি। জিত এই ঘটনার কয়েকবছর পর
বিয়ে করেন। অন্যদিকে স্বস্তিকা নতুন করে সম্পর্কে জড়ালেও আর কাউকে বিয়ে করেননি।

অভিনেত্রী জিৎ-স্বস্তিকা টলিউড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 06:49

URL: <https://timestodaybd.com/public/entertainment/75775807>